



মানসম্মত কনটেন্টই পারে বাংলা চলচ্চিত্রকে বিশ্বমঞ্চে নিতে: তথ্য উপদেষ্টা



সংগৃহীত ছবি

তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. মাহফুজ আলম বলেছেন, দেশের চলচ্চিত্রকে আন্তর্জাতিক অঙ্গনে তুলে ধরতে হলে সর্বোচ্চ মানের কনটেন্ট তৈরিতে জোর দিতে হবে। তিনি জানান, সরকারের পরিকল্পনায় রয়েছে নতুন সিনেপ্লেক্স নির্মাণ, আধুনিকায়িত ফিল্ম সিটি ব্যবহার এবং ভালো ছবিকে সমানভাবে অনুদান প্রদান।

তথ্য ও সম্প্রচার উপদেষ্টা মো. মাহফুজ আলম বলেছেন, বাংলাদেশি চলচ্চিত্র আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছানো তার অন্যতম লক্ষ্য। এজন্য শিল্পী-নির্মাতাদের উচ্চমানের, সৃজনশীল ও প্রযুক্তিনির্ভর কনটেন্ট নির্মাণে মনোযোগী হওয়ার আহ্বান জানান তিনি। তার মতে, মানসম্মত কাজই পারে বিশ্বদরবারে দেশের চলচ্চিত্রকে সম্মানজনক অবস্থানে নিতে।

মঙ্গলবার (৯ ডিসেম্বর) বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন করপোরেশনে (বিএফডিসি) বিজনেস অটোমেশন সার্ভিস, সিনে-আর্কাইভ এবং আধুনিকায়ন করা সাউন্ড রেকর্ডিং স্টুডিও ও বার্না স্পাট উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।

উপদেষ্টা জানান, দেশজুড়ে অনেক প্রেক্ষাগৃহ বন্ধ হয়ে যাওয়ায় প্রতিটি বড় শহরে নতুন সিনেপ্লেক্স নির্মাণের পরিকল্পনা করছে সরকার। তিনি আরও বলেন, ভবিষ্যতে গ্যাটিংয়ের কেন্দ্রবিন্দু হবে কবিরপুর ফিল্ম সিটি; আর বর্তমান এফডিসি এলাকা গবেষণা ও চলচ্চিত্র উন্নয়নমূলক কাজে ব্যবহৃত হবে।

অনুদান নীতিতেও পরিবর্তনের ইঙ্গিত দেন তিনি। জানান, বাণিজ্যিক বা অবাণিজ্যিক—ধারার ভিত্তিতে নয়; বরং যে চলচ্চিত্র ভালো কাজ উপস্থাপন করবে, সেই প্রকল্পই অনুদান পাবে। স্ক্রিপ্ট লেখা থেকে শুরু করে বিতরণ পর্যন্ত পুরো চলচ্চিত্র শিল্পকে একটি সমন্বিত ইকোসিস্টেমের আওতায় আনার পরিকল্পনার কথাও তুলে ধরেন তথ্য উপদেষ্টা।